## জনকণ্ঠ



ঢাবি চারুকলায় শনিবার আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান -জনকণ্ঠ

## The Country Today



# Undergraduate Prog of DU Fine Arts Unit admission test held

**DU Correspondent**

The admission test (General Knowledge and Drawing) for the undergraduate program of the Fine Arts Unit of Dhaka University for the academic year 2025-2026 was held in a fair and peaceful manner on Saturday.

A total of 6,521 students participated in the admission test against a total of 130 seats.

Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan visited the examination center of the Faculty of Fine Arts. Pro-Vice Chancellor (Administration) Professor Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed, Treasurer Professor Dr. M. Jahangir Alam Continued to page 2

## Undergraduate Prog of

Chowdhury and Dean of the Faculty of Fine Arts Professor Dr. Azharul Islam Sheikh were present at the occasion. Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan expressed satisfaction that the admission test was held in a very fair, peaceful and orderly environment. He wished the students success.

দৈনিক বাংলা




# পূবালী ব্যাংক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় চালু করেছে কো-ব্র্যান্ডেড কার্ড

করপোরেট ডেস্ক

বাংলাদেশের অন্যতম প্রধান বেসরকারি ব্যাংক পূবালী ব্যাংক পিএলসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কো-ব্র্যান্ডেড কার্ড চালু করেছে। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে আয়োজিত এক্সক্লুসিভ এই কার্ড উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুন্সী শামস উদ্দিন আহম্মেদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান, হেড অব কার্ড বিজনেস ও উপমহাব্যবস্থাপক এনএম ফিরোজ কামাল, শাহবাগ এভিনিউ শাখা প্রধান উপমহাব্যবস্থাপক মোসা. মাসুমা খাতুন এবং উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## মানবকণ্ঠ



বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে ঢাবি শিক্ষকদের সংগঠন সাদা দলের উদ্যোগে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয় —মানবকণ্ঠ

### ঢাবিতে খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন এবং তিনবারের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী ঢাবি শিক্ষকদের সংগঠন সাদা দলের উদ্যোগে এ মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়। ঢাবি সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নিয়াজ আহমেদ খান, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদ, ঢাবি সাদা দলের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুস সালাম এবং অধ্যাপক ড. আবুল কালাম সরকার, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. লুৎফর রহমান, আইবিএ'র অধ্যাপক ড. মহিউদ্দিন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও ছাত্রদলের নেতৃবৃন্দ। দোয়া পরিচালনা করেন মসজিদের খতিব মাওলানা মুফতি নাছির আহমদ।

উল্লেখ্য, রাজধানীর একটি বেসরকারি হাসপাতালের করোনারি কেয়ার ইউনিটে (সিসিইউ) চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। মেডিকেল বোর্ডের দেশি-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে।

মানবকণ্ঠ ৩০-১১-২০২৫



সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে শনিবার ঢাবির কেন্দ্রীয় মসজিদে দোয়া এবং মিলাদের আয়োজন করে সাদা দল —প্রথকণ্ঠ

## সময়ের আলো

আমার দেশ ৩০-১১-২৫

### খালেদা জিয়ার সুস্থতা কামনায় ঢাবি সাদা দলের দোয়া মাহফিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন ও তিনবারের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বাংলাদেশি জাতীয়তাবাদে বিশ্বাসী ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন সাদা দলের উদ্যোগে এ মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া পরিচালনা করেন বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের খতিব মাওলানা মুফতি নাছির আহমদ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাবি সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদ, সাদা দলের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুস সালাম ও অধ্যাপক ড. আবুল কালাম সরকার, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. লুৎফর রহমান, আইবিএর অধ্যাপক ড. মহিউদ্দিন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদ। এছাড়া বিভিন্ন অনুষদের শিক্ষক-শিক্ষার্থী ও ছাত্রদলের নেতারা দোয়া মাহফিলে অংশ নেন।

### ঢাবিতে খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন এবং তিনবারের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে বাংলাদেশি জাতীয়তাবাদে বিশ্বাসী ঢাবি শিক্ষকদের সংগঠন সাদা দলের উদ্যোগে এ মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়।

ঢাবি সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খানের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নিয়াজ আহমেদ খান, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদ, ঢাবি সাদা দলের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুস সালাম এবং অধ্যাপক ড. আবুল কালাম সরকার, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. লুৎফর রহমান, আইবিএর অধ্যাপক ড. মহিউদ্দিন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও ছাত্রদলের নেতারা। দোয়া পরিচালনা করেন মসজিদের খতিব মাওলানা মুফতি নাছির আহমদ।

অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে সকাল ১০টা থেকে বাদ যোহর পর্যন্ত খালেদা জিয়ার আশু সুস্থতা ও রোগমুক্তি কামনায় খতমে কুরআন ও দোয়া মাহফিলের আয়োজন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, ঢাবি।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস এবং সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন ওই খতমে কুরআন ও দোয়া মাহফিলে অংশ নিয়ে দেশনেত্রী খালেদা জিয়ার আশু সুস্থতা ও রোগমুক্তির জন্য দোয়া প্রার্থনা করতে সবার কাছে বিনীতভাবে আহ্বান জানিয়েছেন।